

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৭. ২২০

তারিখ:

১৫ বৈশাখ ১৪২৬  
২৮ এপ্রিল ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ মনসুর হেলাল (৮৪২৬), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান) (সাময়িকভাবে বরখাস্তকৃত) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন প্রকল্পে আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ না করে অগ্রীম বিল পরিশোধ করায় সংঘটিত গুরুতর আর্থিক অনিয়মের অভিযোগ বিষয়ে তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগসমূহ প্রাথমিক প্রমাণ হওয়ায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ২৩.১২.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে অভিযুক্ত কর্মকর্তার কাছে সুস্পষ্ট বক্তব্য চাওয়া হলে তিনি সন্তোষজনক কারণ বা ব্যাখ্যা উপস্থাপন করতে পারেননি। সেহেতু অভিযোগনামা, অভিযুক্তের জবাব ও শুনানীর মন্তব্য পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এর অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ মনসুর হেলাল (৮৪২৬), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান) এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) উপ-বিধি (১)(ঘ) অনুযায়ী তার বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলো এবং সাময়িকভাবে বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
তারিখ: ২৮.০৪.২০১৯  
(মোঃ সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৩.১৭. ২২০/১০(১০)

তারিখ:

১৫ বৈশাখ ১৪২৬  
২৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ মনসুর হেলাল এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৯। জনাব মোঃ মনসুর হেলাল (৮৪২৬), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।

  
(জাকিয়া খানাম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৫৩২৭৬